-৯৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়
রংপুর বিভাগ,রংপুর।
(সাধারণ শাখা)
www.rangpurdiv.gov.bd

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ বাস্তবায়নের নিমিত্ত নৈতিকতা কমিটির ৩য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| আহবায়ক | : | মোঃ সাবিরুল ইসলাম<br>বিভাগীয় কমিশনার, রংপুর। |
| তারিখ | : | ১০.০১.২০২৩ খ্রিঃ। |
| সময় | : | বেলা ০২.৩০ ঘটিকা। |
| স্থান | : | বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুরের সম্মেলন কক্ষ। |

আহবায়ক উপস্থিত সকল সদস্যকে আন্তরিক শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। আহবায়ক এঁর অনুমতিক্রমে অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), রংপুর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ সভায় উপস্থাপন করেন। সভায় নৈতিকতা কমিটির কর্মপরিধি অনুযায়ী বিভিন্ন বিষয়ে আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | **শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে অর্জিত সাফল্য এবং অন্তরায় চিহ্নিতকরণ:** আহবায়ক এ কার্যালয়ের শুদ্ধাচারের ক্ষেত্রে অর্জিত সাফল্য সম্পর্কে জানতে চাইলে অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) জানান যে, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে নিম্নোক্ত কার্যক্রম গ্রহণ করা হয়েছে।<br><br>(ক) শুদ্ধাচার প্রতিষ্ঠায় ত্রৈমাসিক ভিত্তিতে অংশীজনের অংশগ্রহণে মাসের ১ম সপ্তাহে সভা আয়োজন বিষয়ে আলোচনা হয়।<br><br>(খ) দুর্নীতি প্রতিরোধে সহায়ক কার্যক্রম হিসেবে বিভাগীয় কমিশনার/অতিরিক্ত বিভাগীয় কমিশনার কর্তৃক আকস্মিকভাবে উপজেলা ভূমি অফিসসমূহ পরিদর্শন করে সেবা গ্রহিতাদের নিকট হতে মতামত গ্রহণ করা হচ্ছে।<br><br>(গ) আহবায়ক শুদ্ধাচার প্রতিষ্ঠায় অন্তরায় সম্পর্কে জানতে চাইলে অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) জানান যে, শাখার ভারপ্রাপ্ত কর্মকর্তা স্বল্প সময়ের ব্যবধানে পরিবর্তন হয়। সেক্ষেত্রে শুদ্ধাচার বাস্তবায়নে শাখার প্রধান সহকারীগণের কার্যকরী ভূমিকা গ্রহণ করা প্রয়োজন। | ১। শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে গৃহীত কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে।<br><br>২। শুদ্ধাচার প্রতিষ্ঠায় ত্রৈমাসিক ভিত্তিতে অংশীজনের অংশগ্রহণে মাসের ১ম সপ্তাহে সভা আয়োজন করতে হবে।<br><br>৩। এ কার্যালয়ে শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে সকল শাখার ভারপ্রাপ্ত কর্মকর্তা কার্যকরী ভূমিকা পালন করবে। | এ কার্যালয়ের ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল) |
| ২. | **শুদ্ধাচার প্রতিষ্ঠায় পরিলক্ষিত অন্তরায় দূরীকরণে সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও পরিবীক্ষণ:** এ বিষয়ে অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), রংপুর জানান যে, নৈতিকতা কমিটির সদস্যদের পরামর্শক্রমে ২০২২-২৩ অর্থবছরের কর্মপরিকল্পনায় নিম্নোক্ত কাজসমূহ অন্তর্ভুক্ত করা হয়:<br><br>(ক) তারাগঞ্জ উপজেলা ভূমি অফিস আকস্মিকভাবে পরিদর্শন। অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) এ বিষয়ে বিভাগীয় কমিশনার এঁর সদয় দৃষ্টি আকর্ষণ করেন এবং অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব) এর সহযোগিতা কামনা করেন। | (ক) তারাগঞ্জ উপজেলা ভূমি অফিস আকস্মিকভাবে মাসে ২(দুই) বার পরিদর্শন করতে হবে এবং যথাযথ প্রমাণক সংরক্ষণ করতে হবে। | অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব) |

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | (খ) এ কার্যালয়ের সংস্থাপন ও রাজস্ব শাখায় প্রাপ্ত অধস্তন অফিসের ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীদের জিপিএফ এর আবেদনসমূহ ১০ কার্যদিবসের মধ্যে নিষ্পত্তি বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।<br><br>(গ) বিগত বছরে এ কার্যালয়ের অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব) আদালতে দায়েরকৃত আপীল মামলা নিষ্পত্তিকরণে সাফল্য অর্জিত হওয়ায় এরই ধারাবাহিকতায় আপীল মামলা নিষ্পত্তি, স্বচ্ছতা আনয়নে গুরুত্বারোপ করা হয়েছে।<br><br>(ঘ) এ কার্যালয়ে প্রাপ্ত অনুদানের আবেদনসমূহ উপজেলা ওয়ারী গুরুত্ব বিবেচনায় ভাগ করে বাছাই কমিটিতে উপস্থাপন ও সঠিকভাবে বন্টন করতে হবে। | (খ) প্রাপ্ত জিপিএফ আবেদনসমূহ ১০ কার্যদিবসের মধ্যে ই-ফাইলিং এর মাধ্যমে নিষ্পত্তি করতে হবে এবং প্রমাণক সংরক্ষণ করতে হবে।<br><br>(গ) সর্বোচ্চ ০৩ মাসের মধ্যে আপীল মামলা নিষ্পত্তি করতে হবে এবং যথাযথ প্রমাণক সংরক্ষণ করতে হবে।<br><br>(ঘ) বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে জেলাসমূহে সমভাবে অনুদান বন্টন করতে হবে। | ভারপ্রাপ্ত কর্মকর্তা রাজস্ব/ সংস্থাপন শাখা<br><br>অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব)<br><br>ভারপ্রাপ্ত কর্মকর্তা, নেজারত শাখা। |
| ৩. | **শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়নের দায়িত্ব নির্ধারণ:** অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), রংপুর সভায় অবহিত করেন যে, শুদ্ধাচার কর্মপরিকল্পনা অনুযায়ী ত্রৈমাসিক ভিত্তিতে বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রমাণকসহ প্রতি ত্রৈমাসিকের পরবর্তী মাসের প্রথম ০৩ কার্যদিবসের মধ্যে সাধারণ শাখায় প্রেরণ করা প্রয়োজন। | অর্থবছর ভিত্তিক প্রতি ত্রৈমাসিকের পরবর্তী মাসের প্রথম ০৩ কার্যদিবসের মধ্যে সকল প্রমাণকসহ কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন সাধারণ শাখায় প্রেরণ করতে হবে। | ভারপ্রাপ্ত কর্মকর্তা, (সকল) |
| ৪. | **বিবিধঃ** অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) জানান যে, এ কার্যালয়ে বর্তমানে ই-ফাইলিং কার্যক্রম পরিচালিত হচ্ছে। তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে আবেদনকৃত তথ্য প্রদান করা হচ্ছে। পাশাপাশি জিআরএস সফটওয়্যারের মাধ্যমে প্রাপ্ত অভিযোগ নির্ধারিত সময়ের মধ্যে ৮০% নিষ্পত্তি করা হচ্ছে। আহবায়ক এ ধারা অব্যাহত রাখার জন্য নির্দেশনা প্রদান করেন। তিনি বলেন সরকারি অফিসের কর্মকর্তা/কর্মচারীগণ ৯.০০-৯.৪০ পর্যন্ত সময়ে অফিসে অবস্থান বাধ্যতামূলক করা হয়েছে। নির্ধারিত সময়ে অফিসে আগমন ও প্রস্থান করা শুদ্ধাচারের অন্তর্ভুক্ত। তিনি নির্ধারিত সময়ে সকল কর্মকর্তা ও কর্মচারীকে অফিসে আগমনের নির্দেশনা প্রদান করেন এবং সকল সরকারি ব্যয়ে কৃচ্ছতা সাধন ও অফিসে অপ্রয়োজনীয় বিদ্যুতের ব্যবহার পরিহার করার বিষয়ে নির্দেশনা প্রদান করেন। | ১। নির্ধারিত সময়ের মধ্যে তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী যাচিত তথ্য প্রদান করতে হবে এবং জিআরএস সফটওয়্যারে প্রাপ্ত সকল অভিযোগ নিষ্পত্তি করতে হবে।<br><br>২। সকল সরকারি ব্যয়ে কৃচ্ছতা সাধন এবং অফিসে অপ্রয়োজনীয় বিদ্যুতের ব্যবহার পরিহার করতে হবে।<br><br>৩। সরকার নির্ধারিত সময়ে সকল কর্মকর্তা ও কর্মচারীকে আগমন করতে হবে এবং ৯.০০-৯.৪০ পর্যন্ত অফিসে বাধ্যতামূলক অবস্থান করতে হবে। | ১। তথ্য অধিকার আইনের আওতায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা<br><br>২। এ কার্যালয়ের সকল কর্মকর্তা ও কর্মচারী<br><br>৩। এ কার্যালয়ের সকল কর্মকর্তা ও কর্মচারী |

সভায় অন্য কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ সাবিরুল ইসলাম
বিভাগীয় কমিশনার
রংপুর বিভাগ, রংপুর
ও
আহবায়ক
জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে
বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর এর
নৈতিকতা কমিটি
ফোনঃ ০২৫৮৮৮-১২০০১(অফিস)
ই-মেইল:divcomrangpur@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়
রংপুর বিভাগ,রংপুর।
(সাধারণ শাখা)
www.rangpurdiv.gov.bd

স্মারক নং- ০৫.৪৭.০০০০.০০৫.০২.০০৪.২২. ৫২

তারিখ: ০২ মাঘ, ১৪২৯ বঙ্গাব্দ / ২৫ জানুয়ারি, ২০২৩ খ্রিষ্টাব্দ।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক)/(রাজস্ব), রংপুর বিভাগ, রংপুর।
৪। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৫। সিনিয়র সহকারী কমিশনার/ সহকারী কমিশনার, সাধারণ শাখা/রাজস্ব শাখা/সংস্থাপন শাখা/আইসিটি শাখা/নেজারত শাখা/হিসাব শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর।

মোঃ সাবিরুল ইসলাম
বিভাগীয় কমিশনার
ও
সভাপতি
নৈতিকতা কমিটি
রংপুর বিভাগ, রংপুর।
ফোনঃ ০২৫৮৮৮-১২০০১(অফিস)
ই-মেইল:divcomrangpur@mopa.gov.bd